# করিন্থীয়দের মত, আপনার উপাসক মন্ডলীর ও অনুগ্রহ দান আছে

ছোটদের যারা শিক্ষা দেন তাদের উচিত S6b অধ্যায়ণ করা

**প্রত্যেক বিশ্বাসী, তাদেরকে ঈশ্বর থেকে দত্ত**
**বিশেষদানের দ্বারা, একে অপরের সেবা করুক।**



১. **আপনার উপাসক মন্ডলীকে তাদের বিশেষ অনুগ্রহদানের দ্বারা সেবা করার ব্যপারে জাগরীত করতে, নিজেকে প্রার্থনা এবং ঈশ্বরের বাক্য দ্বারা প্রস্তুত করুন।**

এমন কার্যকলাপ বেছে নিন যা বর্তমান প্রয়োজন এবং স্থানীয়রীতির সাথে মানানসই হয়।

**প্রার্থনা ঃ** ‘‘প্রভু যীশু, আনন্দসহকারে তোমাকে এবং অন্যদের সেবা করার জন্যে তাদের মধ্যে যে ব্যক্তি তুমি স্থাপন করেছো তা খুঁজে পেতে, আমাদের সমস্ত উপাসক মন্ডলী এবং কুটীর সহভাগীতার সদস্যদের সাহায্য কর।’’

**রোমীয় ১২ঃ৪-৮ অংশ অন্বেষণ করুন।**

- বিশ্বাসীদের অনুগ্রহাদানের দ্বারা যাদের উপকৃত হওয়া উচিত।(৫ পদ)
- প্রত্যেক বিশ্বাসীকে কোন অনুগ্রহ দান দেওয়া হবে তা ঈশ্বর যে ভাবে নিরুপন করেন? (৬)
- বলিবার জন্য দুইধরনের অনুগ্রহ দান (৬ ও ৭ পদ)।
- পরিচর্যায় করার জন্য তিনধরনের অনুগ্রহ দান।(৭ ও ৮ পদ)

ঈশ্বরের পবিত্র আত্মা কি ভাবে, একে অন্যকে সেবা করার জন্য শক্তিশালী সক্ষমতা, প্রত্যেক বিশ্বাসীকে দিয়ে থাকেন তা **১ করিন্থীয় ১২ অধ্যায় থেকে অন্বেষণ করুন।**

- কে অনুগ্রহ দান, সক্ষমতা এবং কার্যকলাপ সমূহ প্রদান করেন? (৩-৬ পদ)
- কোন বিশ্বাসীরা অনুগ্রহদান প্রাপ্ত হন? (৭ ও ১১ পদ)
- পবিত্র আত্মা কি উদ্দেশ্যে দান দিয়ে থাকেন? (৭ পদ)
- কোন্ বিশ্বাসী কি দান প্রাপ্ত হবে তা কি নির্ণয় করেন? (১১ পদ)
- কোন্ খ্রীষ্টীয়ানদের ঈশ্বরের পবিত্র আত্মা আছে? (১২ ও ১৩ পদ)
- কোন্ তিনটি অনুগ্রহ দান সমস্ত খ্রীষ্টীয়ানদের থাকা উচিত? (২৭-৩০)

**১ করিন্থীয় ১৪ঃ২৪-২৬ অংশে অন্বেষণ করুন।**

- উপাসনাগুলিতে বিশ্বাসীদের একে অন্যকে সেবা করার সাধারণ উপায়গুলি।
- প্রত্যেক বিশ্বাসীকে তাদের যে অনুগ্রহ দান আছে তা যে উদ্দেশ্যে ব্যবহার করা উচিত।

**ইফিষীয় ৪ঃ১০-১৬ অংশে অন্বেষণ করুনঃ**

- দান প্রাপ্ত ব্যক্তিদের যিনি উপাসকমন্ডলীকে প্রদান করে থাকেন।(১০-১১)
- উপাসকমন্ডলীকে দত্ত পাঁচ প্রকারের দান প্রাপ্ত ব্যক্তি।(১১)
- দান প্রাপ্ত ব্যক্তিদের তাদের অনুগ্রহ দানগুলি সম্পর্কে যা করা উচিত।(১২)
- উপাসকমন্ডলী যখন তাদের অনুগ্রহদানগুলি অনুশীলন করে তখন তার ফল।(১৩-১৬)

**১ পিতর ৪ঃ৭-১১ অংশে অন্বেষণ কর ঃ**

- বিশ্বাসীরা যখন তাদের অনুগ্রহদানগুলি অনুশীলন করে তখন একে অন্যের প্রতি তাদের যে ধরনের মনোভাব থাকা উচিত। (৭-৯)।
- বিশ্বাসীদের তাদের অনুগ্রহ দানগুলির ব্যাপারে যা করা উচিত।(১০)
- প্রধান দুই প্রকারের আত্মিক দান।(১১)
- একজন দান প্রাপ্ত বক্তার যা সম্পর্কে বলা উচিত।(১১)
- পরিচারকরা তাদের দানগুলি ব্যবহারের কোথা থেকে শক্তি পায়।(১১)
- আমাদের অনুগ্রহদানগুলির দ্বারা আমরা কাকে গৌরাবন্বিত করব।(১১)

বার্ণবা কিরূপে দান করার অনুগ্রহদান (প্রেরিত ৪ঃ৩২-৩৭), উৎসাহ প্রদানের অনুগ্রহ দান (প্রেরিত ৯ঃ২২-২৭), বিশ্বাসের অনুগ্রহদান (প্রেরিত ১১ঃ২২-৬৬), শিক্ষা দেবার অনুগ্রহ দান (১৩ঃ১) এবং প্রেরিতত্বের অনুগ্রহদান কে ব্যবহার করেছিলেন তা পাশে দেওয়া অধ্যায়গুলিতে অন্বেষণ কর।

২. **আসন্ন সপ্তাহের জন্য আপনার সহকর্মীদের সাথে পরিকল্পনা করুন।**

অনুগ্রহদানের বর্ণনার জন্যে পৌল-তিমথীয় শিক্ষামালার ত্র৬ন্দ পুস্তক খন্ডটি একত্রে পর্যালোচনা কর। এই পুস্তক খন্ডটি এবং অন্য পুস্তকটি, যেটি আপনি আপনার ছোট পালকীয় দলের অধ্যায়ণ করছেন, উভয়েরই পর্যালোচনার জন্য পরিকল্পনা করুন।

যদি আপনার জানা থাকে তবে, পালের প্রত্যেকের যে অনুগ্রহ দানগুলি আছে সেগুলির বিষয়ে একত্রে আলোচনা।

ছোট দলের পালকের যাতে তাদের সদস্যদের কথা শুনতে এবং তাদের ভালোভাবে নিরীক্ষন করতে পারে, যা দেখে তাঁরা তাদের মধ্যের অনুগ্রহদানগুলিকে চিহ্নিত করতে পারে তার ব্যবস্থা করুন।

একটি ছোট দলের যদি কোনও দানের প্রয়োজন হয় এবং তা যদি অন্য কোনও দলের কারো থাকে তবে, সেই ব্যক্তিকে কিছু কালের জন্য সেই দলে যোগ দিতে দিন।

৩. **আশু-আরাধনার বিষয়ে আপনার সহকর্মীদের সাথে পরিকল্পনা করুন।**

বার্ণবা কিভাবে তার অনুগ্রহ দানওগুলিকে ব্যবহার করেছিলেন তা পাঠ অথবা অভিনয় করে দেখান এবং তার নামকে তারা কেন পরিবর্তিত করেছিল তা আলোচনা করুন।(প্রেরিত ৪ঃ৩৬)

বিশ্বাসীরা কে কি দান প্রাপ্ত হবে তা ঈশ্বর নিরূপন করেন, কি উদ্দেশ্যসহ আমাদেরকে তা ব্যবহার করতে হবে এবং অন্যান্য নির্দেশাবলিগুলি সম্বন্ধে ব্যাখ্যা করুন (প্রথম ভাগ দেখুন)।

বিশ্বাসীরা যারা বিচক্ষনতার সাথে প্রেমেতে তাদের অনুগ্রহ দানগুলিকে ব্যবহার করেছে, তাদের কাছ থেকে কিরূপ সাহায্যে পেয়েছে সে বিষয়ে সাক্ষ্যদেবে।

**১ করিন্থীয় ১৪ঃ২৪-৩১** অংশটি একত্রে অধ্যায়ণ করুন এবং এই অংশে যে দানগুলিকে উল্লেখ করা হয়েছে, তার মধ্যে কিছু দানকে বিশ্বাসীদের বলতে বলুন। ওই দানগুলিকে উপাসকমন্ডলী এবং কুটীর সহভাগীতাগুলিতে কিভাবে তারা ব্যবহৃত হতে দেখেছে সে সম্পর্কে তাদের কে বলতে দিন।

শিশুরা যে সমস্ত প্রশ্নসমূহ এবং নাটক প্রস্তুত করেছে, সেগুলিকে তাদের উপস্থাপন করতে দিন।

প্রভুর ভোজের পরিচিতিকরণের জন্য ১ করিন্থীয় ১১ঃ২৩-৩৪ অংশটি পড়ুন। প্রভুর ভোজকে কি ভাবে করিন্থীয়রা ভুল ভাবে ব্যবহার করেছিলেন এবং কেন ঈশ্বর কিছুজনকে অসুস্থ হতে এবং মরতে দিয়েছিলেন তা ব্যাখ্যা করুন।

তাদের অনুগ্রহ দানগুলির বিষয়ে আলোচনা করার জন্যে বিশ্বাসীদেরকে দুই অথবা ততোধিক জনকে নিয়ে ছোট দল গঠন করতে বলুন। একে অপরের কথা শুনুন, একে অন্যকে উৎসাহ যোগান এবং একে অন্যের জন্য প্রার্থনা করুন।

রোমীয় ১২ঃ১০ ও ১১ পদগুলি একত্রে মুখস্থ কর।

## অনুগ্রহ দানগুলির ব্যবহারের নির্দেশাবলী

১। লোকেরা যখন তাদের অনুগ্রহ দানগুলিকে অনুশীলন করতে থাকে তখন তাদের সেই দানগুলি সুস্পষ্টরূপে প্রতীয়মান হয় এবং অন্যরা তখন তাদের সেই দানগুলি সুস্পষ্টরূপে চিনতে পারে। নতুন বিশ্বাসীদের সেবা কাজ করার ব্যাপারে বিরত করবেনা।

২। বিশ্বাসীদেরকে তাদের অনুগ্রহ দানগুলিকে ব্যবহার করার সুযোগের ব্যবস্থা করুন। এটি ছোট দলগুলিতে সব থেকে ভালো ভাবে করা যায়। কেবল মাত্র প্রতিভাধর ব্যাক্তিদের উপদেশ শোনার মধ্যেই উপাসকমন্ডলীর সভাগুলোকে সীমাবদ্ধ করে রাখবেন না।

৩। অনুগ্রহ দানগুলির ব্যবহার করার সময় তাদের যেন অবশ্যই প্রেম থাকে, এ বিষয়ে সর্ব সময়ে বিশ্বাসীদের স্মরণ করান।

৪। বিশ্বাসীদের তাদের নিজ নিজ অনুগ্রহ দান অনুযায়ী উপাসক মন্ডলী এবং কুটীর সহভাগীতাগুলির পরিচর্য্যার দায়িত্বগুলি নিতে দিন। যে কাজের জন্য তারা দান প্রাপ্ত নয়, সে কাজে তাদের কখনো নিযুক্ত করবেন না।

৫। প্রাচীনদের বলার এবং ডিকনদের পরিচর্যার দান থাকা প্রয়োজন।

৬। পবিত্র আত্মা যাতে সমন্বয় সাধন করতে পারেন সে জন্য পরিচর্য্যাকারী দলগুলিতে ভিন্ন ভিন্ন দান যুক্ত সদস্যদের থাকা উচিত। একই দানপ্রাপ্ত লোকদের নিয়ে দল গঠন করাকে এড়িয়ে চলুন।

৭। অনুগ্রহ দান থাকার অর্থ এই নয় যে, অন্যান্য বিশ্বাসীদের সাথে নিজেকে তুলনা করা। বরঞ্চ, অনুগ্রহ দানগুলিকে খ্রীষ্টের দেহকে সেবার জন্য এমন ভাবে ব্যবহার করা উচিত, যার দ্বারা অন্যান্যরা মঙ্গল প্রাপ্ত হয়।

৮। যেহেতু প্রত্যেক বিশ্বাসীকেই অনুগ্রহ দান দত্ত হয় যাতে অন্যরা লাভবান হয়, সেজন্য প্রত্যেক বিশ্বাসীই জাতি, ধর্ম, বর্ণ, শ্রেণী নির্বিশেষে অন্যের কাছে খুবই গুরুত্বপূর্ণ।

Copyright 2004 © by Paul-Timothy. May be freely copied. Download from www.Paul-Timothy.net